বিরোধী দল বিজেপি, কংগ্রেস এবং সিপিএম আশ্রিত দুষ্কৃতীদের দৌরাত্ম্য ঠেকাতে রতুয়া থানা ঘেরাও করে বিক্ষোভ দেখালো স্থানীয় তৃণমূল নেতৃত্ব

দুরন্তবার্তা, মালদা, ৫ সেপ্টেম্বর ঃ বিরোধী দল বিজেপি, কংগ্রেস এবং সিপিএম আশ্রিত দুষ্কৃতীদের দৌরাত্ম্য ঠেকাতে রতুয়া থানা ঘেরাও করে বিক্ষোভ দেখানো স্থানীয় তৃণমূল নেতৃত্ব। রতুয়া এলাকায় ওয়াকফ বোর্ডের সম্পত্তি একের পর এক দখল করছে বিরোধীদলের আশ্রিত দুষ্কৃতীরা বলে অভিযোগ স্থানীয় তৃণমূল নেতৃত্বের। বারবার সংশ্লিষ্ট থানার পুলিশকে জানিয়েও কোনো লাভ না হওয়ায় অবশেষে শাসক দলেরই নেতাকর্মীরা রতুয়া থানার সামনে অবস্থান-বিক্ষোভ করেন। শনিবার সকাল থেকেই রতুয়া থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায় স্থানীয় তৃণমূল নেতা ইয়াসিন শেখ, রতুয়া ২ পঞ্চায়েত সমিতির সভাপতি আবিদা বেগম, তৃণমূল পরিচালিত মালদা জেলা পরিষদের স্থানীয় জনস্বাস্থ্য কারিগরি বিভাগের কর্মাধ্যক্ষ পায়েল খাতুন সহ সংশ্লিষ্ট এলাকার দলের গ্রাম পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সদস্য এবং নেতাকর্মীরা।

স্থানীয় তৃণমূল সূত্রে জানা গিয়েছে, রতুয়া থানা এলাকার রুকুঃদ্বীপুর গ্রামে ৩৬ বিঘা ওয়াকাফ বোর্ডের জায়গা রয়েছে। কয়েক মাস আগে সেই জায়গা দখলের চেষ্টা করছিল বিরোধী দলের দুষ্কৃতীরা। সেই সময় সেই জায়গা নিয়ে আলোচনা করে সমস্যার সমাধান করা হয়েছিল। গত দুমাস ধরে ওয়াকফ বোর্ডের ওই জায়গা বিরোধী দলের দুষ্কৃতীরা দখল করছে বলে অভিযোগ। এমনকি ওই জায়গার উপরে থাকা বেশ কিছু আম গাছ রাতের অন্ধকারে কেটে নিয়ে যাচ্ছে বিরোধীদলের আশ্রিত দুষ্কৃতীরা। এমনকি ঘর- বাড়ি তৈরী করে জায়গা দখল করছে। এই ঘটনা নিয়ে লিখিত ভাবে রতুয়া থানায় অভিযোগ জানালেও কোন ব্যবস্থা নিচ্ছে না পুলিশ। এদিন বাধ্য হয়ে তৃণমূল পরিচালিত মালদা জেলা পরিষদের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের কর্মাধ্যক্ষ পায়েল খাতুনের নেতৃত্বে সকাল থেকে রতুয়া থানা ঘেরাও করে বিক্ষোভ দেখাতে থাকে শাসকদলের নেতাকর্মীরা। তাদের দাবি অবিলম্বে ওই জায়গা দখল মুক্ত করতে হবে।

এদিন বিক্ষোভে অংশগ্রহণকারী তৃণমূলের নেতাকর্মীদের অভিযোগ, আমরা দেখছি বিগত কয়েক মাস ধরে এই ওয়াকফ বোর্ডের জায়গার উপরে থাকা বেশ কিছু গাছ কাটা হয়েছে। আমরা এর বিরুদ্ধে আন্দোলন করেছিলাম। এই নিয়ে জেলাশাসকের কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। সেই সময় প্রশাসনের হস্তক্ষেপে গাছ কাটা বন্ধ করেছিল। হঠাৎ করে দেখতে পেলাম বেশ কিছুদিন ধরেই ওই জায়গার উপরে দখল করে বাড়ি ঘর তৈরি হচ্ছে। এদিন আমরা বাধ্য হয়ে থানা ঘেরাও করেছি। আমাদের দাবি অতিসত্বর ওই জায়গা থেকে বাড়ি ঘর তুলে দখলমুক্ত করতে হবে।

মালদা জেলা পরিষদের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের কর্মধ্যক্ষ পায়েল খাতুন বলেন, ওয়াকফ বোর্ডের জায়গা দখল করছে বিজেপি, কংগ্রেস , এবং সিপিএমের মদতপুষ্ট দুষ্কৃতীরা। তাই এদিন বাধ্য হয়ে আমরা থানা ঘেরাও করেছি। অবিলম্বে ওয়াকফ বোর্ডের জায়গা দখল মুক্ত করতে হবে। না হলে আমরা আগামী দিনে বৃহত্তর আন্দোলনে নামবো। রতুয়া বিধানসভা কেন্দ্রের তৃণমূল নেতা তথা ব্লক কমিটির অন্যতম সদস্য ইয়াসিন শেখ বলেন, এর আগেও ওয়াকাফ স্টেটের জায়গার ওপরে গাছ কাটা হয়েছিল। সেই গাছ কাটার ঘটনায় অভিযোগ দায়ের হলেও দুষ্কৃতীদের এখনও গ্রেফতার করতে পারে নি পুলিশ। এদিনও ওই দুষ্কৃতীরা ওই জায়গা দখলের চেষ্টা করছে। যার ফলে জায়গা বেদখল হতে চলেছে। পুলিশকে জানিয়েছে। যদি এর সুরাহা না হয় তাহলে আমি রতুয়া থানার সামনে আমরণ অনশনে বসার ডাক দেওয়া হবে।

যদি এই প্রসঙ্গে মালদা জেলা বিজেপির সহ সভাপতি অজয় গাঙ্গুলী বলেন, তৃণমূলের এই অভিযোগ একেবারেই ভিত্তিহীন। এজন্য পুলিশ ও প্রশাসন রয়েছে মিথ্যা ভাবে এখানে বিজেপির নাম যুক্ত করা হচ্ছে। মালদা জেলা সিপিএমের সম্পাদক অম্বর মিত্র বলেন, এইসব কাজের সঙ্গে আমাদের দলের কেউ যুক্ত নয়। আমরা অবাক হলাম রাজ্যের শাসকদল থানায় গিয়ে অবস্থান করতে হচ্ছে। এইসব ভুয়া অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন। আমরা এর তীব্র প্রতিবাদ করছি। জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক কালীসাধন রায় বলেন, ওখানে গাছ কেটেছে তৃণমূলের নেতারা। তৃণমূল নিজেদের দোষ ঢাকতে এখন কংগ্রেসের ঘাড়ে দোষ চাপাচ্ছে এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। এদিকে তৃণমূলের দাবি দাওয়ার বিষয়টি নিয়ে তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিয়েছে রতুয়া থানার পুলিশ।

৩ লক্ষ টাকার জালনোট সহ দুই পাচারকারীকে গ্রেফতার করলো পুলিশ

দুরন্তবার্তা, মালদা, ৫ সেপ্টেম্বর ঃ গোপন সূত্রে অভিযান চালিয়ে ৩ লক্ষ টাকার জালনোট সহ দুই পাচারকারীকে গ্রেফতার করলো ইংরেজবাজার থানার পুলিশ। দুজনেরই বয়স ১৯ বছর। এত অল্প বয়সে ধৃত দুই জন এই ধরনের অপরাধমূলক কাজকর্মে কিভাবে জড়িয়ে পড়লো সেই বিষয়টি তদন্ত করে দেখছে সংশ্লিষ্ট থানার পুলিশ। শুক্রবার গভীর রাতে ইংরেজবাজার থানার পুলিশ মধুঘাট এলাকায় অভিযান চালিয়ে ওই দুই জালনোট পাচারকারীকে গ্রেফতার গ্রেপ্তার করে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে ১৫০ টি দুই হাজার টাকার জাল নোট। ধৃতদের পাঁচদিনের জিজ্ঞাসাবাদের জন্য মালদা আদালতের মাধ্যমে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানিয়েছে ইংরেজবাজার থানার পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত দুই জালনোট পাচারকারীর নাম আবু বক্কার (১৯) ও ডালু মিয়াঁ (১৯) তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে মোট তিন লক্ষ টাকার জাল নোট। এই দুজনের বাড়ি মধুঘাট এলাকায়। ধৃত ওই দুই পাচারকারী এদিন মধুঘাট এলাকার ৩৪ নম্বর জাতীয় সড়কের ধারে একটি জায়গায় জড়ো হয়েছিল। তারা গাড়ি ধরার অপেক্ষায় ছিল। এই জালনোট গুলি বাইরে পাচারের পরিকল্পনা নেওয়া হয়েছিলো। সেই সময় গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালায় ইংরেজবাজার থানার পুলিশ। দুইজনকে জালনোট সহ হাতেনাতে ধরে ফেলে পুলিশ।

পুলিশ আরও জানিয়েছে, মোটা টাকার বিনিময়ে ওই দুই যুবক এই জালনোট পাচার চক্রের যুক্ত হয়েছিল বলে প্রাথমিকভাবে জানা গিয়েছে। তবে এই ঘটনার পিছনে কাদের মদত রয়েছে এবং এই টাকাগুলি কোথা থেকে সংগ্রহ করা হয়েছিল সেদিকটাও তদন্ত করে দেখা হচ্ছে। শনিবার সকালে ধৃত দুই পাচারকারী এবং উদ্ধার হওয়া জাল নোট গুলো ইংরেজবাজার থানায় দেখায় তদন্তকারী পুলিশ অফিসারেরা। ইংরেজবাজার থানার আইসি মদনমোহন রায় জানিয়েছেন, এটা পুলিশের বড় সাফল্য। জালনোট উদ্ধারের ঘটনায় ধৃতদের জিজ্ঞাসাবাদের পাশাপাশি তদন্ত শুরু করা হয়েছে।

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHABAN, BIDHANNAGAR,

NIT. NO. 131/ PWD/ ROAD /BMC dt. 04.09.2020 e-Tender has been invited for Urgent Repairing of Bituminous Road in between FC and GC block (Due to WBSEB CUT) within ward No. 33 under Bidhannagar Municipal Corporation. For details, please follow **Tender Id 2020_MAD_295231_1** in **www.wbtenders.gov.in** Last date of Bid submission- **12/09/2020 up to 3.00 p.m.**

Sd/-
Executive Engineer
Bidhannagar Municipal Corporation

মারণ ভাইরাস 'করোনা'য় অর্ডার না-পেয়ে মাথায় হাত নন্দকুমারের মৃৎশিল্পীদের



দুরন্তবার্তা, তমলুক, ৫ সেপ্টেম্বর ঃ 'কুমোর পাড়ার গোরুর গাড়ি, বোঝাই করা কলসি-হাঁড়ি'র ছবি আজ অতীত। তবুও হাজারো প্রতিকূলতা সত্বেও কোনও রকমে নিজেদের প্রাচীন ও ঐতিহ্যময় পেশা আগলে বেঁচে রয়েছেন এক শ্রেণীর মৃৎশিল্পীরা। কিন্তু 'করোনা'র আগমন যেন সব কিছু ওলট পালট করে দিয়েছে। মারণ ভাইরাস 'করোনা' সতর্কতায় 'লক ডাউনে'র দিন গুলিতে কেমন আছেন মৃৎশিল্পীরা? তা দেখতেই আমরা গিয়েছিলাম পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমার থানার ঠেকুয়া বাজার এলাকার মৃৎশিল্পীদের কাছে। এখানকার মৃৎশিল্পীরা মাটির হাঁড়ি, কলসী তৈরীর পাশাপাশি বিভিন্ন ধরণের প্রদীপ, ধূনোচুর, সরা, টব ইত্যাদি তৈরী করেই জীবিকা নির্বাহ করেন। সারা বছর সেভাবে বিক্রি না হলেও বিশ্বকর্মা পূজা থেকে শারদোৎসব সহ অন্যান্য পুজো পার্বনের আগে খুব ভালো বিক্রি হতো তাঁদের। কিন্তু এবছর 'করোনা'র উপস্থিতির জেরে চলতি মরশুমে কোনও ধরণের সামাজিক অনুষ্ঠান না হওয়ার এখন চরম দূর্বিষহ অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে মৃৎশিল্পীরা। এমনটাই জানিয়েছেন তাঁরা। এখানকার মৃৎশিল্পী স্বপন পাল বলেন, মাটির জিনিসপত্র তৈরি ও তা বিক্রি করে আমাদের সংসার চলে। লকডাউনের কারণে বিক্রিবাটা নেই। সামনে শারদোৎসব, সেই আশায় রয়েছি। আরও এক শিল্পী সুদর্শন পাল বলেন, প্রতিবছর পুজোর আগে প্রচুর অর্ডার থাকে, পাশাপাশি এলাকায় যেমন - তমলুক, কালিরহাট, নন্দকুমার, শ্রীরামপুর বিভিন্ন এলাকা থেকে অর্ডার আসে। কিন্তু করোনা পরিস্থিতিতে সেভাবে অর্ডার নেই এখন। খুব চিন্তায় রয়েছি আমরা। সবমিলিয়ে এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে তাকিয়ে জীবনধারণ করছেন তাঁরা।

মহানন্দা ও মহিষমারি নদীর পাড় সৌন্দর্যায়নের কাজ খতিয়ে দেখলেন অশোক ভট্টাচার্য্য

শিলিগুড়ি, ৫ সেপ্টেম্বর ঃ পুরনিগমের প্রশাসক তথা শিলিগুড়ি বিধায়ক অশোক ভট্টাচার্য্য শনিবার শিলিগুড়ি পুরনিগমের উদ্যোগে মহানন্দা ও মহিষমারি নদীর পাড়ের সৌন্দর্যায়নে কাজে খতিয়ে দেখেন। নদীর পাড়ে শুরু হয়েছে বাঁধ নির্মাণ ও সবুজায়নের কাজ, যা ইতিমধ্যে সমাপ্তির পথে। অন্যদিকে ৪৭ নম্বর ওয়ার্ডে একটি সেতুর কাজ হাতে নিয়েছে পুরনিগম। শনিবার সমস্ত কাজ সরেজমিনে খতিয়ে দেখতে পৌঁছান পুরনিগমের প্রশাসক তথা শিলিগুড়ি বিধায়ক অশোক ভট্টাচার্য্য। তিনি জানান, এই সৌন্দর্যায়নের কাজ পুজোর আগেই শেষ করা হবে। রামমোহন মৌলিক ঘাটে অত্যাধুনিক গার্ডেন লাইট এর ব্যবস্থা করা হচ্ছে যা শহরবাসীর আকর্ষণ বাড়াবে। সব মিলিয়ে প্রায় তিন কোটি টাকার কাজ হাতে নিয়েছে শিলিগুড়ি পুরনিগম। তবে লকডাউনের জেরে কিছুটা কাজ থমকে গেলেও ইঞ্জিনিয়ারদের তৎপরতায় কাজ প্রায় সমাপ্তির পথে।

বাঁকুড়ায় শিক্ষক দিবসে কৃতিদের সংবর্ধনা

বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র শুরু করলো গ্রামে গণশিক্ষা কেন্দ্র

দুরন্তবার্তা, বাঁকুড়া, ৫ সেপ্টেম্বর ঃ ৫ সেপ্টেম্বর দিনটি ক্যালেন্ডারে সেরকম ভাবে লাল দাগ না কাটতে পারলেও আমাদের মনে দাগ কেটে গেছে শৈশব থেকেই। শিক্ষক শব্দের মানে বোঝার ঢের আগে থেকেই রঙিন কাগজ, বেলুন আর রাশি রাশি চকোলেট দিয়ে দিনটার ছবি এঁকে রেখেছি মনের মণিকোঠায়। শিক্ষক দিবস। ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মদিন। দেশের প্রথম উপরাষ্ট্রপতি ও দ্বিতীয় রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ। শিক্ষাবিদ ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ। দক্ষ কূটনৈতিক, জ্ঞানী পণ্ডিত ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ। তার এই জন্মদিনকে উপলক্ষ্যে করেই বছর বছর কত শত শিক্ষক- শিক্ষিকাকে শ্রদ্ধা, সংবর্ধনা। একরাশ শিল্পিদের নাচ গান আবৃত্তি, কোথাও আবার হারিয়ে ফেলা আদর্শ শিক্ষকদের স্মৃতিচারনা। করোনার জেরে উৎসবের রঙ ফিকে পড়লেও বদলাইনি ছাত্র-শিক্ষকের মধ্য ভালোবাসা। শিক্ষক দিবসের দিনে শিক্ষকদের সম্মান জানানো তাই প্রচলিত রীতি কিন্তু এবার এই বিশেষ দিনে বাঁকুড়ায় মেধা ছাত্র দের সংবর্ধনা দিল তৃণমূল শিক্ষক সংগঠন। বাঁকুড়া জেলার বাঁকুড়া, খাতড়া, বিষ্ণুপুর এই তিন ডিভিশনে শহর থেকে প্রান্তিক গ্রামে ছড়িয়ে থাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মেধা তালিকার কৃতি ছাত্র- ছাত্রীদের কাছে পৌঁছে গেল পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষক সমিতির বাঁকুড়া জেলা শাখা। এদিন জেলার ৪২ জন ছাত্রছাত্রীদের বাড়ী বাড়ী গিয়ে হাতে গাছের চারা বই ট্রফি ও উত্তরীয় পরিয়ে সংবর্ধনা দেন তারা। জেলার কৃতি উচ্চমাধ্যমিকে ষষ্ঠ স্থানাধিকারি পাত্রসায়ের ব্লকের বৃষ্টি পাঠক জানায় খুব খুশি হয়েছি তবে কিছু উপহার পেয়ে নয় আজকের মতো দিনে শিক্ষকদের কাছে ভালোবাসা, আর্শিবাদ পেয়ে। এ দিন ওনারা বাড়ী এসে যে সংবর্ধনা জানালেন তা এতোদিনের সংবর্ধনার চেয়ে সবচেয়ে বেশি মূল্যবাদ। আজ শিক্ষকদের জন্যই আমি ভালোফল করেছি। ওনারা আগামীদিনে সবসময় পাশে থাকার আশ্বাস দিয়ে গেলেন। বাঁকুড়া জেলা তৃণমূল মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি গৌতম দাস জানান, একজন আদর্শ শিক্ষক মনে করেন একজন ভালো ছাত্র তরুণ কিশোর মন নিয়ে যেন সমাজের পরিবর্তন ঘটাতে পারে। তাই আজকের দিনে তাদেরকে উৎসাহিত করতেই সংবর্ধনা জ্ঞাপন করি। এছাড়া সর্বদা তাদের পাশে থেকে সাহায্য করে যাব। পাশাপাশি এদিন জেলায় শিক্ষক দিবস উপলক্ষ্যে বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর দেবনারায়ন বন্দ্যোপাধ্যায় এবং মাননীয় নিবন্ধক ডঃ সুবির কুমার রায়ের উৎসাহে, বাঁকুড়া বিশ্ববিদ্যালয় প্রাক্তন ছাত্র সংগনের পক্ষ থেকে বাঁকুড়া জেলার পাহাড় পুর গ্রামে শুরু হলো গন শিক্ষা কেন্দ্র। যেখানে বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ছাত্রীরা ও গ্রামের শিক্ষিত যুবক - যুবতিরা গ্রামের প্রাথমিক স্তরের শিশুদের প্রথাগত শিক্ষা ছাড়াও বিভিন্ন বিষয়ে শিক্ষাদান করবে। সপ্তাহে পাঁচ দিন চলবে পঠন পাঠন। এদিন শিক্ষক দিবস উপলক্ষ্যে ছিল তারই সূচনা হয়। এদিন প্রাক্তন ছাত্র সংগনের পক্ষথেকে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি অমরজিত কর্মকার, সহ সম্পাদক অরুপ মন্ডল, প্রাক্তন ছাত্র অমিত বাগ্দী, রবি দাস সুমিত মহন্ত সহ প্রমুখ ছাত্রছাত্রী।

উত্তরবঙ্গে ফের ভারী বৃষ্টির পূর্বাভাস আলিপুর আবহাওয়া দফতরের

দুরন্তবার্তা, জলপাইগুড়ি, ৫ সেপ্টেম্বর ঃ উত্তরবঙ্গে ফের ভারী বৃষ্টির পূর্বাভাস দিল আলিপুর আবহাওয়া দফতর। মৌসুমী অক্ষরেখা ক্রমশ উত্তরবঙ্গের দিকে সরছে। বর্তমানে এই অক্ষরেখা পাটনা থেকে বহরমপুর হয়ে বাংলাদেশ ও দক্ষিণ অসমের উপর দিয়ে মণিপুর পর্যন্ত বিস্তৃত। এর জেরেই বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গে। শনিবার উত্তরবঙ্গের পার্বত্য এলাকায় ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। আগামী মঙ্গলবার পর্যন্ত উত্তরবঙ্গে ভারী বৃষ্টি চলবে। আগামী সপ্তাহের শুরুতে উত্তরবঙ্গের নদীর জলস্তর বাড়তে পারে। এদিন দার্জিলিং, কালিম্পংয়ে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামিকাল দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি এই পাঁচ জেলাতেই ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। সোমবার কোচবিহার ও আলিপুরদুয়ারে অতি ভারী বৃষ্টির সর্তকতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টি হবে উত্তরবঙ্গের বাকি জেলাগুলিতেও। মঙ্গলবারও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গে। পাশাপাশি দক্ষিণবঙ্গেও বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী সপ্তাহে দক্ষিণবঙ্গেও বৃষ্টি বাড়তে পারে। সোমবার থেকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পরিমাণ বাড়বে।

অতিরিক্ত বর্ষণ, জলমগ্ন কালচিনি ব্লকের হাসিমারার বিভিন্ন এলাকা



দুরন্তবার্তা, আলিপুরদুয়ার, ৫ সেপ্টেম্বর ঃ অতিরিক্ত বর্ষণের ফলে ফের জলমগ্ন আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের হাসিমারার বিভিন্ন এলাকা। গতকাল রাতে ভারী বর্ষণ ও আজ সকালে বর্ষণের ফলে এলাকার সমস্ত নালা ও ঝোরা গুলো ফুলেফেঁপে উঠেছে এবং পুরাতন হাসিমারার বহু এলাকা জলমগ্ন হয়ে পড়ে। ভার্ণাবাড়ি চা বাগান ও সাঁতালি চা বাগানের বহু শ্রমিক মহল্লা জলমগ্ন হয়ে পড়ে। গত ২৪ ঘণ্টায় হাসিমারাতে রেকর্ড ১২৫ মিমি বৃষ্টিপাত হয়েছে। এদিন সকলে জলমগ্ন এলাকা পরিদর্শন করেন সাঁতালি গ্রাম পঞ্চায়েতের প্রধান মনোজ বরুয়া ও হাসিমারা পঞ্চায়েত সদস্য রমেশ প্রসাদ। প্রধান মনোজ বরুয়া জানান, আজ সবথেকে বেশি জলমগ্ন হয়েছে এত বেশি জল আগে দেখেনি আমরা। তিনি জানান প্রচুর বৃষ্টিপাতের ফলে আশেপাশের বেশ কয়েকটি চা বাগানের জল ভোলা ঝোরাতে চলে আসে এবং ভোলা ঝোরার জলে ও হাসিমারা বিভিন্ন এলাকা জলমগ্ন হয়।

কালিয়াগঞ্জ পুরসভার উদ্যোগে নানা অনুষ্ঠানের মধ্যে শিক্ষক দিবস পালন হলো

দুরন্তবার্তা, কালিয়াগঞ্জ, ৫ সেপ্টেম্বর ঃ সারা দেশের পাশাপাশি উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ পুরসভার উদ্যোগে শনিবার অরাম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষক দিবস পালন করা হলো। এদিন বঙ্গরত্ন প্রাপ্য কালিয়াগঞ্জ কলেজের প্রাক্তন অধ্যাপক ডঃ মমতা কুন্ডুকে সম্বর্ধনা দেওয়া হয়। সম্বর্ধনা দেন কালিয়াগঞ্জ পুরসভার বর্তমান প্রশাসন কার্তিক চন্দ্র পাল। এদিন অনুষ্ঠানের শুরুতে সর্বপল্লী ডঃ রাধাকৃষ্ণনের প্রতিকৃতিতে মাল্যদান করেন পুর প্রশাসক কার্তিক চন্দ্র পাল, ডঃ মমতা কুন্ডু সহ পুরসভার বিভিন্ন আধিকারিক ও কর্মীরা। সামাজিক দূরত্ব বজায় রেখে এ অনুষ্ঠানের আয়োজন করা হয় এদিন পুরসভা প্রাঙ্গণে।

বিজেপির নতুন দলীয় কার্যালয়ের উদ্বোধন

দুরন্তবার্তা, আলিপুরদুয়ার, ৫ সেপ্টেম্বর ঃ কেন্দ্রীয় নির্বাচন কমিশন গতকাল রাতে বিহার ভোটের সঙ্গে দেশের ৬৫ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন ও একটি লোকসভা কেন্দ্রের উপনির্বাচন ঘোষণা করেন। আগামী ২৯ নভেম্বর এক সঙ্গে সব ভোট হবে তার সাথে উত্তরবঙ্গের ফালাকাটা ও হেমতাবাদ বিধানসভা উপনির্বাচন হবে। নির্বাচন কমিশনের দিনক্ষণ ঘোষণার সাথে সাথে রাজনৈতিক দলগুলির তৎপরতা শুরু হয়েছে ফালাকাটাতে। উল্লেখ্য ফালাকাটা বিধায়ক অনিল অধিকারি গত বছরে ৩১ অক্টোবর ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যু হয় তারপরের থেকেই ফালাকাটা আসনটি বিধায়ক শূন্য হয়ে পড়ে। এবছর ফালাকাটা উপনির্বাচনে বামফ্রন্ট ও কংগ্রেস জোট করে প্রার্থী দিচ্ছেন এবং সিপিএম দলের প্রার্থী হচ্ছে এবং তা আগেই ঘোষণা হয়ে গিয়েছে। গতকাল উপনির্বাচন দিনক্ষণ ঘোষণা সাথে এদিন ময়দানে নেমে পড়েছে বিজেপি এদিন ফালাকাটার বাগান বাড়ি এলাকায় বিজেপি নতুন দলীয় কার্যালয় উদ্বোধন হয়।

৫০ টি বাংলা সহায়তা কেন্দ্র হবে বিষ্ণুপুরেই

দুরন্তবার্তা, বাঁকুড়া, ৫ সেপ্টেম্বর ঃ রাজ্যে সরকারি বিভিন্ন প্রকল্পে অনলাইনে আবেদনের জন্য যে বাংলা সহায়তা কেন্দ্র গড়া হচ্ছে, তা বাঁকুড়াতেও গড়ার কাজ শুরু হতে চলেছে। এই ক্ষেত্রে বিষ্ণুপুর এগিয়ে রয়েছে, বিষ্ণুপুর মহকুমায় ৫০ টি বাংলা সহায়তা কেন্দ্র গড়ার কাজ ইতিমধ্যেই জোর কদমে শুরু করে দিয়েছে প্রশাসন। মহকুমা শাসকের অফিস বিডিও অফিস ছাড়াও গ্রামীন এলাকার স্বাস্থ্য কেন্দ্রে ও লাইব্রেরিগুলিতে এই সহায়তা কেন্দ্র গড়া হচ্ছে বলে জানা গেছে। প্রতিটি কেন্দ্রের জন্য দুটি কম্পিউটার ও একটি করে প্রিন্টার সহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী কেনার প্রস্তুতি চলছে।

বিষ্ণুপুরের মহকুমাশাসক অনুপ কুমার দত্ত বলেন, বিভিন্ন সরকারি অফিসে বাংলা সহায়তা কেন্দ্র গড়ার কাজ শুরু হয়েছে, এবং প্রয়োজনীয় সামগ্রী কেনার টেন্ডার প্রক্রিয়া শুরু হয়েছে। তবে জেলার বেকার যুবক যুবতীদের দাবি এক্ষেত্রে সরকারি ভাবে তাদের নিয়োগের সিদ্ধান্ত রয়েছে সরকারের, ওই দাবিতে যেসব বেকাররা সহজ তথ্যমিত্র চালান তাঁদেরকেও যুক্ত করা হোক।

প্রশাসন সূত্রে জানা গেছে বিষ্ণুপুর মহকুমা অফিস ছাড়াও বিষ্ণুপুর, জয়পুর, কোতুলপুর, ইন্দাস, পাত্রসায়ের ব্লক এলাকার মধ্যে ও এলাকার গ্রামীন জনাকীর্ণ স্বাস্থ্য কেন্দ্র এবং লাইব্রেরি গুলিতে এই সহায়তা কেন্দ্র স্থাপন করা হবে।

আগ্নেয়াস্ত্রসহ দুই দুষ্কৃতী গ্রেপ্তার

দুরন্তবার্তা, মালদা, ৫ সেপ্টেম্বর ঃ গোপন সূত্রে অভিযান চালিয়ে আগ্নেয়াস্ত্রসহ দুই দুষ্কৃতীকে গ্রেপ্তার করলো ইংরেজবাজার থানার পুলিশ। শুক্রবার রাতে ইংরেজবাজার থানার শোভানগর গ্রাম পঞ্চায়েতের সৌকতমোড় এলাকা থেকে আগ্নেয়াস্ত্রসহ দুই জনকে গ্রেপ্তার করে পুলিশ। তল্লাশি চালিয়ে ধৃতদের কাছ থেকে দুটি পাইপগান উদ্ধার করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম আনোয়ার শেখ (২২) এবং ওয়াসিম আক্রম (১৮)। ধৃতদের বাড়ি মানিকচক থানা এলাকায়। পুলিশ জানিয়েছে , ওই আগ্নেয়াস্ত্রগুলি তারা বিক্রি করার উদ্দেশ্যে সৌকতমোড় এলাকায় জমায়েত হয়েছিল। গোপন সূত্রে খবর পেয়ে ইংরেজবাজার থানার পুলিশ সেখানে হানা দিয়ে আগ্নেয়াস্ত্রসহ দুই দুষ্কৃতীকে গ্রেফতার করে।

e-Tender Notice

e-tenders are invited by Prodhan, Berenda Gram Panchayat under Ausgram -1 Dev. Block Dist. – Purba Bardhaman, from resourceful/ bonafide contractors with experience and requisite credential vide Tender ID – 2020_ZPHD_295310_1. Last date of application on 14/09/ 2020 upto 14.00 Hrs. For details visit the website: http:// wbtenders.gov.in

SWARN-MAYUR BONDS & HOLDINGS LIMITED
CIN: L65993WB1983PLC036053
Regd. Office: 16, India Exchange Place, Ground Floor, Kolkata - 700001, West Bengal;
Tel: (033) 2248 0017; **Fax:** (033) 2248 7604
Email: swarnmayur6@gmail.com

NOTICE OF THE 37TH ANNUAL GENERAL MEETING, REMOTE E-VOTING INFORMATION & BOOK CLOSURE

Notice is hereby given that the 37th Annual General Meeting ("AGM") of the Members of the Swarn-Mayur Bonds & Holdings Limited (the "Company") will be held at 16, India Exchange Place, Kolkata - 700001 on **Tuesday, the 29th day of September, 2020 at 11:30 a.m.** The Company has completed dispatch of the Notice of the AGM dated 31st July, 2020 (the "Notice") containing businesses to be transacted at the AGM and the Annual Report for the year ended 31st March, 2020 on 04th September, 2020 to the Members at their respective registered addresses.

Pursuant to the provisions of Section 91 of the Companies Act, 2013 (as amended), the Register of Members and Share Transfer Books of the Company shall remain closed from Wednesday, 23rd September, 2020 to Tuesday, 29th September, 2020 (both days inclusive).

Pursuant to Section 108 of the Companies Act, 2013 (as amended), read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 (as amended) and Regulation 44 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015 (as amended), the Company is pleased to provide to its Members holding shares either in physical form or in dematerialized form, as on the cut-off date, i.e., Tuesday, 22nd September, 2020, to cast their vote electronically through e-voting services provided by CDSL on resolutions set out in the Notice. The remote e-voting period shall commence on Saturday, 26th September, 2020 at 10:00 a.m. (IST) and ends on Monday, 28th September, 2020 at 5:00 p.m. (IST). The e-voting module shall be disabled by CDSL for voting thereafter.

Any person, who acquires shares of the Company and becomes Member after dispatch of the Notice and holding shares as on the cut-off date i.e. Tuesday, 22nd September, 2020, may obtain the User ID and password by following the procedure as mentioned in the Notice or sending a request to CDSL at the e-mail ID helpdesk.evoting@cdslindia.com. If the Member is already registered with CDSL for e-voting then he/she can use his/her existing User ID and password for casting the vote through remote e-voting.

The facility of voting by ballot/polling paper shall be made available at the AGM for Members who have not cast their vote by remote e-voting. The Members who have cast their vote by remote e-voting may attend the AGM but shall not be entitled to cast their vote again. In case of queries/grievances with regard to e-voting, Members may refer the Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholders available at the Downloads Section of www.evotingindia.co.in

Place: Kolkata
Date: 05th September, 2020

By Order of the Board
S/d- Chandrakant Pasari
Chairman

Office of the ONDA 1 GRAM PANCHAYAT
ONDA, BANKURA

E-Tenders are invited by the undersigned for the following works under NITs given below.

NIT No.	Date of publish	No.of works	Last Date of Tender Dropping	Date of opening
NIeT-03/CFC-BG/2020-21	03-09-2020	8	18/09/2020 up to 5 PM	22-09-202011 a.m.
NIeT-04/CFC-BG/2020-21	Do	4	Do	Do
NIeT-05/CFC-BG/2020-21	Do	4	Do	Do
NIeT-06/CFC-BG/2020-21	Do	4	Do	Do

For details please visit website wbtenders.gov.in or office of the undersigned

Sd/- Pradhan
Onda 1 Gram Panchayat

পূর্বাশা রিসোর্সেস লিমিটেড
CIN:-L65993WB1980PLC032908
রেজি. অফিসঃ ২৫, পার্কলেন, কলকাতা-৭০০০১৬
টেল.নং.ঃ (০৩৩) ২২২৯-২৮৮১, ২২৪৯-৫৫২৪, ফাক্সনং.ঃ- ৯১-৩৩-৪০৬২৫২৬৯
ই-মেলঃ prlpurbasha.co.in, ওয়েবসাইটঃ www.purbasha.in

৪০ তম বার্ষিকসাধারণসভা, রিমোট ই-ভোটিং তথ্য এবং বুকক্লোসার বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে পূর্বাশা রিসোর্সেস লিমিটেডের সদস্যদের মধ্যে ৪০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২২০, সকাল ১১.৩০ মিনিটে ভিডিওকনফারেন্সিং (ভিসি) এর মাধ্যমে অথবা অন্যান্য কোনো অডিওভিসুয়াল (ওএভিএম) উপায়, কোম্পানি আইন, ২০১৩ মেনে, সাধারণ বিজ্ঞপ্তি মেনে যেটি প্রকাশিত হয়েছিলো কর্পোরেট বিষয়কমন্ত্রক দ্বারা ৫ই মে, ২০২০ সাথে ৮, এপ্রিল, ২০২০ এবং ১৩ এপ্রিল, ২০২০ এর বিজ্ঞপ্তি মেনে এবং সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) র বিজ্ঞপিনং- সেবি /এইচও/ সিএমডি১/ সিআইআর/ পি/২০২০/ ৭৯ তারিখ ১২ মে, ২০২০ (বিজ্ঞপ্তি অবলম্বন করে) ব্যবসার লেনদেন ঠিক করতে এজিএম- এর নোটিশ।

উপরের বিজ্ঞপ্তি অনুযায়ী কোম্পানি সেই সমস্ত শেয়ার হোল্ডারদের যাদের ইমেল অ্যাড্রেসনতি ভুক্ত আছে কোম্পানির এবং হস্তান্তরকারি এজেন্ট (আরটিএ) তাদের বিজ্ঞাপিত করে দিয়েছে ৪০ তম এজিম এবং বার্ষিক ফলাফলের ২০১৯-২০২০ অর্থবর্ষ ইলেকট্রনিক পদ্ধতিতে। এই তথ্যগুলি কোম্পানির ওয়েবসাইটেও পাওয়া যাবে www.prl.in, স্টকএক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com এবং সেন্ট্রাল ডিপোসিটো রিসার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) www.evotingindia.com.

এজিএমএর নোটিশ ৪ সেপ্টেম্বর, ২০২০ ইমেল- এর মাধ্যমে প্রদত্ত হয়ে গেছে।

বুকক্লোসারঃ
সেকসান ৯১ এরকোম্পানিআইন, ২০১৩ (যেমনকথিত) আইন অনুসারে সদস্যদের রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফারবুক ২২ সেপ্টেম্বর, ২০২০ বুধবার থেকে ২৮ সেপ্টেম্বর, ২০২০ সোমবার (দুটো দিন সমেত) বন্ধ থাকবে।

রিমোট ই-ভোটিংঃ
সেকশান ১০৮, কোম্পানি আইন ২০১৩ (যেমন কথিত) সাথেনিয়ম ২০ কোম্পানি আইন (ম্যানেজমেন্ট এবং অ্যাডমিনিস্ট্রেশান), ২০১৪ (যেমন কথিত) এবং রেগুলেশান ৪৪ সেবি (লিস্টিং অব্লিগেশান অ্যান্ড ডিস্ক্লসার রিকুয়ারমেন্টস), রেগুলেশান ২০১৫ (যেমন বলা আছে) কোম্পানি তাদের সদস্যদের রিমোট ই -ভোটিং এর সুবিধা প্রদান করবে এজিএম এবং এজিএম চলাকালিন, ব্যবসা আদানপ্রদানের পরিপ্রেক্ষিতে এজিএম-এ এবং সেইকারনে, কোম্পানি নিযুক্ত করেছে সিডিএসএল , ইলেকট্রনিক ভোটিং-এর সুবিধার্থে। বিস্তারিত বিবরণ দেওয়া আছে এজিএম এর নোটিশে

সদস্যদের অনুরোধ করা হচ্ছে লক্ষ করতে নির্দেশিকাগুলিঃ
ক) রিমোট ই-ভোটিং সুবিধা নিম্নলিখিত পিরিয়ড পর্যন্ত পাওয়া যাবেঃ

রিমোট ই-ভোটিং শুরু	শুক্রবার, ২৫শে সেপ্টেম্বর, ২০২০ সকাল ১০টায়
রিমোট ই-ভোটিং শেষ	রবিবার, ২৭শে সেপ্টেম্বর, ২০২০ বিকাল ৫টায়

ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে সিডিএসএল দ্বারা তারপর।
খ) শেয়ার হোল্ডারদের ভোটাধিকার বিবেচিত হবে তাদের শেয়ারে প্রদেয়ই কুইটি শেয়ার মূলধনের সমান, সোমবার, ২১ সেপ্টেম্বর, ২০২০ তারিখ (কাটঅফতারিখ) অব্দি। সভায়ও রিমোট ই-ভোটিয়ের ব্যবস্থা থাকবে, যারা সভায় অংশগ্রহণ করবেন। যারাআগেরিমোট ই-ভোটিয়ে ভোটদান করেননি, যদি উভয়ভাবে ভোটদান হয়ে থাকে তবে গণনায় শুধুমাত্র ই-ভোটিং গ্রহণ যোগ্য হবে। শুধুমাত্র সেই ব্যাক্তি রিমোট ই-ভোটিংএর সুবিধা পাবেন যার নাম কাট অফ তারিখের পূর্বে নথিভুক্ত থাকবে।
গ) কোনওব্যক্তি, সোমবার অর্থাৎ ২১ সেপ্টেম্বর, ২০২০ কোম্পানির বিজ্ঞতি প্রদান করে দেওয়ার পর শেয়ারহোল্ডার হিসাবে নথিভুক্ত হলে তাকে prl@purbasha.co.in এ লগইন আইডি এবং পাসওয়ার্ড নিতে হবে তার তাদের ফওিনং ডিপিআইডি এবং ক্লায়েন্ট আইডি দেখিয়ে ই-ভোটিং এরজন্য। কাট অফ তারিখের পর কোনও সদস্যকে সাধারণ ব্যক্তি হিসাবে মানা হবে।
ঘ) সদস্যরা যারা রিমোট ই-ভোটিং-এ তাদের ভোটদান সম্পন্ন করেছেন তারা সরাসরি এজিএম এ অংশ নেবেন ভিসি ও এভিএমএর মাধ্যমে কিন্তু আর ভোট দিতে পারবেন না।
ই-ভোটিং সংক্রান্ত জিজ্ঞাসা থাকলে, এফ এ কিউ যোগাযোগ করুন এবং ই-ভোটিং ম্যানুয়াল পাওয়া যাবে www.evotingindia.com হেল্পসেকশান অথবা ই-মেল করুন helpdesk.evoting@cdslindia.com এ অথবা যোগাযোগ করুন মি. নিতিনকুন্দার (০২২-২৩০৫৮৭৩৮) অথবা মি. মেহবুবলাখানি (০২২-২৩০৫৮৫৪৩) অথবা মি. রাকেশদালভি (০২২-২৩০৫৮৫৪২)।

স্থানঃ কলকাতা
তারিখঃ ৫ই সেপ্টেম্বর, ২০২০

স্বাক্ষর /-
পূর্বাশা রিসোর্সেস লিমিটেড এর পক্ষ থেকে,
রাচনা সিংহ
কোম্পানির সেক্রেটারি এবং কমপ্লিয়ান্স অফিসার